বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ভূমি ও রাজস্ব পরিদপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.৩২.০০০২.২৩.১১৪

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **বাপাউবো-এর অনুকূলে অধিগ্রহণকৃত/মালিকানাধীন জমির নামজারির ব্যয় বাবদ মেরামত ও রক্ষণাবেক্ষণ (অর্থনৈতিক কোড- ৩২৫৮১৩৭) খাতে অর্থ বরাদ্দের চাহিদা প্রদান প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের এপ্রিল/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমির নামজারি সংক্রান্ত কার্যক্রম আগামী ০৩ (তিন) মাসের মধ্যে সম্পন্ন করে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু মাঠ দপ্তর হতে প্রাপ্ত মাসিক প্রতিবেদনে দেখা যায় যে, মে/২০২৫ সময়কাল পর্যন্ত সকল দপ্তরে নামজারি বহির্ভূত জমি অবশিষ্ট রয়েছে।

২। বিগত ৩১/৫/২০২৫ খ্রি: পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমির পরিমাণ ২,২২,৬৯১.৭৫ একর (কম/বেশি)। মে/২০২৫ মাস পর্যন্ত ১,১৪,২৭২.৩২ একর (কম/বেশি) জমির রেকর্ড/ নামজারি বাপাউবো'র অনুকূলে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট (২,২২,৬৯১.৭৫-১,১৪,২৭২.৩২)=১,০৮,৪১৯.৪৩ একর (কম/বেশি) জমি বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে রেকর্ড হয়েছে। এ বিপুল পরিমাণ রেকর্ড/নামজারি বহির্ভূত জমির নামজারি বাপাউবো এর অনুকূলে সম্পন্ন করার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

৩। এ বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত জমির নামজারি কার্যক্রম যেমন: খতিয়ান (সি.এস/আর.এস/বি.এস) উত্তোলন, অধিগ্রহণের নথিপত্র (গেজেট, দাগসূচি, এলএ নকশা, এওয়ার্ড ইত্যাদি), পেন্টাগ্রাফ সৃজন/প্রণয়ন এবং সরকারি ফিসহ আবেদন খরচ ইত্যাদির ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরের বাজেটে অর্থ বরাদ্দের সংস্থান নেই।

৪। বর্ণিত অবস্থায়, বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত যেসব জমি নামজারি বহির্ভূত রয়েছে, সেসব জমির নামজারি দ্রুত সম্পন্নের জন্য ২০২৫-২০২৬ অর্থবছরের পরিচালন ও রক্ষণাবেক্ষণ (পওর) বাজেটের জন্য প্রণীতব্য চাহিদাপত্রে নামজারি বহির্ভূত জমির পরিমাণ উল্লেখপূর্বক নামজারি খরচ বাবদ মেরামত ও সংরক্ষণ (অর্থ কোড-৩২৫৮১৩৭) খাতে প্রয়োজনীয় অর্থের চাহিদা যুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

৫। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) পাসমের এপ্রিল ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরনী

১৭-০৭-২০২৫
মোঃ ছাইফুল ইসলাম
পরিচালক (ভূমি ও রাজস্ব) (ভারপ্রাপ্ত)
০২২২২২৩০০৫৬
dir.land@bwdb.gov.bd

নির্বাহী প্রকৌশলী
সকল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.২০৩.৩২.০০০২.২৩.১১৪/১ (৯)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, সকল, বাপাউবো (জোনের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি উন্নয়ন সার্কেল (সকল), বাপাউবো এর সার্কেলাধীন নির্বাহী প্রকৌশলীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড; (জারীকৃত পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।।
৬। সহকারী পরিচালক, (ভূমি ও রাজস্ব) সকল, বাপাউবো।
৭। সহকারী রাজস্ব কর্মকর্তা, সকল, বাপাউবো।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো এবং।
৯। অফিস কপি, মাষ্টার কপি।

২১-০৭-২০২৫
মোঃ মনিরুল ইসলাম চিশতী
সহকারী পরিচালক